

ঢাকার ইক্সটেন্স প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ১৩ ফেব্রুয়ারি সকাল ১০.০০ ঘটিকায় প্রবাসী কল্যাণ ব্যাংক-কে তফসিলী ব্যাংকে রূপান্তর করতে পরিশোধিত মূলধন পুর্ণগঠনে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আরও ১০০ (একশত) কোটি টাকার চেক প্রদান অনুষ্ঠানে প্রবাসী কল্যাণ মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন। চেক প্রদানকালে মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি বলেন, দ্রুততম সময়ের মধ্যে প্রবাসী কল্যাণ ব্যাংক তফসিলী ব্যাংক হিসেবে কার্যক্রম পরিচালনা করতে যাচ্ছে। এই ব্যাংকের মাধ্যমে বৈধ পথে রেমিটেন্স প্রেরণ বৃদ্ধি পাবে বলে মন্ত্রী আশা করেন। তিনি আরও বলেন, স্বল্প সময়, খরচ ও সহজে দেশে রেমিটেন্স আসবে। এর আগে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ১০০ (একশত) কোটি টাকার চেকটি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি প্রবাসী কল্যাণ ব্যাংক এর ব্যবস্থাপনা পরিচালক মাহত্ত্ব জাবিন এর হাতে তুলে দেন। এসময় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়েল সচিব ড. নমিতা হালদার এনডিসি, অতিরিক্ত সচিব মোঃ আমিনুল ইসলাম, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস, এনডিসি, ও প্রবাসী কল্যাণ ব্যাংক এর ব্যবস্থাপনা পরিচালক মাহত্ত্ব জাবিন। এছাড়াও অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যরোর মহাপরিচালক, মোঃ সেলিম রেজা, বাংলাদেশ ওভারসীজ এমপ্লায়মেন্ট এন্ড সার্ভিসেস লিঃ (বোয়েসেল) এর ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তীসহ মন্ত্রণালয়, অধীনস্থ সংস্থাসমূহ ও প্রবাসী কল্যাণ ব্যাংকের উদ্দৃতন কর্মকর্তাবৃন্দ।

বিদেশগামী কর্মী ও প্রত্যাগত কর্মীদের সামাজিকভাবে পূর্ণবাসনের লক্ষে সহজ শর্তে খাগ প্রদান এবং স্বল্প খরচ ও সহজে দেশে রেমিটেন্স আনয়নের লক্ষ্যে ২০১০ সালে প্রবাসী কল্যাণ ব্যাংক প্রতিষ্ঠা করা হয়। ২০১১ সালে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ৯৫ (পঁচানবই) কোটি টাকা ও সরকারের ৫ (পাঁচ) কোটি টাকা নিয়ে প্রবাসী কর্মীদের কল্যাণে প্রবাসী কল্যাণ ব্যাংকের কার্যক্রম শুরু হয়। পরবর্তীতে সরকার প্রবাসী কল্যাণ ব্যাংকে তফসিলী ব্যাংক হিসেবে গঠনের সিদ্ধান্ত হয়। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী তফসিলী ব্যাংক গঠনে ৪০০ (চার শত) কোটি টাকার পরিশোধিত মূলধন পুর্ণগঠনে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে ৯৫ শতাংশ (অর্থাৎ (তিন শত আশি কোটি টাকা) এবং সরকার কর্তৃক ৫ শতাংশ (বিশ কোটি টাকা) প্রদান করা হবে। সে লক্ষ্যে গত ১৬ এপ্রিল, ২০১৭ তারিখে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড প্রবাসী কল্যাণ ব্যাংক-কে তফসিলী ব্যাংকে রূপান্তর করতে পরিশোধিত মূলধন পুর্ণগঠনে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে ৫০ (পঞ্চাশ) কোটি টাকার চেক প্রদান করে। বর্তমান পর্যন্ত প্রবাসী কল্যাণ ব্যাংকটিতে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে ২৪৫ কোটি টাকা এবং সরকার হতে ৫ কোটি টাকা প্রদান করা হয়।

